ISO 9001:2015 Certified

# ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১
DHAKA PALLI BIDYUT SAMITY-1

সিনিয়র জেনারেল ম্যানেজার-এর
কার্যালয়, সদর দপ্তর
পলাশবাড়ী, সাভার, ঢাকা।
টেলিফোন: ০২-৯৯৬৬৮৮৬৫০
E-Mail:dhakapbs01@gmail.com

স্মারক নং-২৭.১২.২৬৭২.৫০১.০১.০০৮.২৬. ৫৬৪৮

তারিখঃ ০৯ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ।
২৫ অক্টোবর ২০২৬ খ্রিস্টাব্দ।

## "নিলাম দরপত্র বিজ্ঞপ্তি"

ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর নিম্নবর্ণিত কনডেম ঘোষিত ব্যবহার অনুপযোগী মালামাল **"যেখানে যে অবস্থায় আছে তার ভিত্তিতে"** নিলামে বিক্রয়ের নিমিত্ত আগ্রহী ক্রেতা/ প্রতিষ্ঠান/ এজেন্সীর নিকট হতে দরপত্র দলিল পূরণসহ নিজস্ব লেটার হেড প্যাডে/সাদা কাগজে বিস্তারিত পূর্ণ ঠিকানা উল্লেখ পূর্বক স্বাক্ষরসহ সীলমোহরকৃত খামে নিলাম দরপত্র আহবান করা যাচ্ছেঃ

| ক্রঃ নং | মালামালের বিবরণ | পরিমাণ | দরপত্র দলিল মূল্য (অফেরত যোগ্য) | দরপত্র দলিল (টেন্ডার ডকুমেন্ট) বিক্রয়ের সময়সূচী | দরপত্র দলিল (টেন্ডার ডকুমেন্ট) বিক্রয়ের স্থান | দরপত্র গ্রহণ ও খোলার স্থান এবং সময়সূচী | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | গ্রহণ | খোলা |
| ০১ | ঢাকা মেট্রো-হ-১১-১২২৪ সিসি-125 চীনা জংসন কোম্পানী, চীন। | ০১ টি | ৫০০/- (পাঁচশত) টাকা। | ২৫/১০/২০২৬ খ্রিঃ তারিখ **রবিবার** হতে ০৮/১১/২০২৬ খ্রিঃ তারিখ **রবিবার** (অফিস চলাকালীন সময়)। | (ক) সদর দপ্তর, ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১ পলাশবাড়ী, সাভার, ঢাকা। | সদর দপ্তর, ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১ পলাশবাড়ী, সাভার, ঢাকা। **০৯/১১/২০২৬খ্রিঃ** তারিখ **সোমবার** বেলা ১১:০০ ঘটিকা পর্যন্ত। | সদর দপ্তর, ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১ পলাশবাড়ী, সাভার, ঢাকা। **০৯/১১/২০২৬খ্রিঃ** তারিখ **সোমবার** বেলা ১১:০৫ ঘটিকায়। |
| ০২ | ঢাকা মেট্রো-হ-১১-১২৩০ সিসি-125 চীনা জংসন কোম্পানী, চীন। | ০১ টি | | | | | |
| ০৩ | ঢাকা মেট্রো-হ-১১-১২৩১ সিসি-125 চীনা জংসন কোম্পানী, চীন। | ০১ টি | | | | | |
| ০৪ | ঢাকা মেট্রো-হ-১১-১২৩২ সিসি-125 চীনা জংসন কোম্পানী, চীন। | ০১ টি | | | | | |
| ০৫ | ঢাকা মেট্রো-হ-১১-১২৩৫ সিসি-125 চীনা জংসন কোম্পানী, চীন। | ০১ টি | | | | | |
| ০৬ | ঢাকা মেট্রো-হ-১১-২৩৯১ সিসি-125 চীনা জংসন কোম্পানী, চীন। | ০১ টি | | | | | |
| ০৭ | ঢাকা মেট্রো-হ-১১-২৩৯২ সিসি-125 চীনা জংসন কোম্পানী, চীন। | ০১ টি | | | | | |
| ০৮ | ঢাকা মেট্রো-হ-১১-২৩৯৩ সিসি-125 হোন্ডা কোম্পানী, পাকিস্তানী | ০১ টি | | | | | |
| ০৯ | ঢাকা মেট্রো-হ-১১-২৩৯৪ সিসি-125 চীনা জংসন কোম্পানী, চীন। | ০১ টি | | | | | |
| ১০ | ঢাকা মেট্রো-হ-১১-২৩৯৫ সিসি-125 চীনা জংসন কোম্পানী, চীন। | ০১ টি | | | | | |
| ১১ | ঢাকা মেট্রো-হ-৪১-৩৬৪৬ সিসি-125 চীনা জংসন কোম্পানী, চীন। | ০১ টি | | | | | |

**শর্তাবলীঃ**

০১। আগ্রহী দরদাতাগণ যে কোন তফসিলি ব্যাংক হতে ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর, পলাশবাড়ী, সাভার, ঢাকা এর অনুকূলে দরপত্র দলিলের মূল্যে বাবদ নির্ধারিত পরিমান অর্থ (অফেরৎযোগ্য) ব্যাংক ড্রফট/পে-অর্ডার সংযুক্তকরতঃ নির্দিষ্ট লেটার হেড প্যাডে/সাদা কাগজে আবেদনের মাধ্যমে ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর পলাশবাড়ী, সাভার, ঢাকা (পবিসের ওয়েব সাইটে বিজ্ঞপ্তি পাওয়া যাবে।) হতে দরপত্র দলিল ২৫/১০/২০২৬ খ্রি. রবিবার থেকে ০৮/১১/২০২৬ খ্রি রবিবার অফিস চলাকালীন সময় পর্যন্ত সংগ্রহ করতে পারবেন এবং ০৯/১১/২০২৬ খ্রি. তারিখ রোজ সোমবার সকাল: ১১.০০ ঘটিকার মধ্যে সীলমোহরকৃত নিলাম দরপত্র ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১, পলাশবাড়ী, সাভার, ঢাকা এর রক্ষিত টেন্ডার বাক্সে নিলাম দরপত্র দাখিল করতে পারবেন। নির্ধারিত সময়ের পরে এবং ডাক ও কুরিয়ার যোগে কোন নিলাম দরপত্র গ্রহন করা হবে না।

০২। দরপত্রসমূহ ০৯/১১/২০২৬ খ্রি. তারিখ রোজ সোমবার সকাল: ১১.০৫ মিনিটে ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১, পলাশবাড়ী, সাভার, ঢাকা এর উপস্থিত নিলাম দরদাতা/ প্রতিনিধিদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে।

০৩। দরপত্র গ্রহণের ক্ষেত্রে সর্বোচ্চ দরকে গৃহীত দর বলে বিবেচনা করা হবে। তবে, প্রাক্কলিত/অনুমোদিত মূল্যের চেয়ে কম মূল্যে দাখিলকৃত নিলাম দরপত্রসমূহ বিবেচনা করা হবে না। সীল মোহরকৃত নিলাম দরপত্রের খামের উপরে স্পষ্টাক্ষরে **নিলামের নাম ও "প্যাকেজ নং-"** উল্লেখ করে দরদাতার পূর্ণ ঠিকানা লিখে আলাদাভাবে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রে কোন কাটাছেঁড়া/ঘষামাজা/ফ্লুইডিং গ্রহণযোগ্য হবে না। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে। উদ্ধৃত দর অংকে ও কথায় লিখতে হবে।

০৪। প্রতিটি প্যাকেজের বিপরীতে আলাদাভাবে সিডিউল ক্রয় করে মোটর সাইকেল মোটর সাইকেল ভিত্তিক আলাদা আলাদা দর প্রস্তাব দাখিল করতে হবে। যেভাবেই দর দাখিল করা হোক না কেন মোটর সাইকেল ভিত্তিক সর্বোচ্চ বৈধ দর প্রস্তাবকারীকে সর্বোচ্চ দরদাতা হিসেবে গণ্য করা হবে। পরবর্তীতে মোটর সাইকেল ভিত্তিক সর্বোচ্চ দর প্রস্তাবকারীকে নিয়মানুযায়ী কার্যাদেশ প্রদান করা হবে।

০৫। নিলাম দরপত্র দলিলে প্রতিটি মোটর সাইকেলের উল্লেখিত সর্বমোট মূল্যের ২৫% অর্থ নিরাপত্তা জামানত ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে নিলাম দরপত্রের সাথে জমা দিতে হবে। অন্যথায় নিলাম দরপত্র বিবেচনা করা হবে না। নিলাম কমিটির সিদ্ধান্ত মোতাবেক সর্বোচ্চ দরদাতার প্রদত্ত দর গ্রহণ করা হবে।

০৬। প্রাপ্ত নিলাম দরপত্রসমূহ মূল্যায়ন কমিটির মাধ্যমে মূল্যায়ণ করে প্রথম সর্বোচ্চ নিলাম দরদতার আর্নেষ্টমানি নগদায়ন করা হবে। অতপরঃ প্রথম সর্বোচ্চ ও কৃতকার্য নিলাম দরপত্রদাতাকে দরপত্র সংক্রান্ত সিদ্ধান্ত জানানো/কার্যাদেশ প্রদানের ১৫ (পনের) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% মূল্য নগদ/পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (নগদায়ন সাপেক্ষে) এর মাধ্যমে পরিশোধ করে "পরিচালন ও রক্ষনাবেক্ষণ স্টোরের ব্যবহার অযোগ্য বর্ণিত মালামাল সমূহ গ্রহণ করতে হবে। অন্যথায়, জামানতের সমুদয় অর্থ বাজেয়াপ্ত বলে গণ্য করা হবে।

০৭। কৃতকার্য সর্বোচ্চ নিলাম দরদাতাকে মালামাল গ্রহণের পূর্বে মোট উদ্ধৃত দর/মূল্যের উপর সর্বশেষ সরকারি নিয়মানুযায়ী উৎস কর, ভ্যাট ও অন্যান্য কর আলাদাভাবে জমা প্রদান করতে হবে। অকৃতকার্য দরদাতাদের আর্নেষ্টমানি নিয়মানুযায়ী ফেরৎ প্রদান করা হবে।

০৮। বর্ণিত মালামাল সমূহ আগামী ০৮/১১/২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত (সাপ্তাহিক ছুটি ও সরকারী ছুটির দিন ব্যতীত) প্রতিদিন অফিস চলাকালীন সময়ে সমিতির সদর দপ্তরে পরিদর্শন করা যাবে এবং এতদসংক্রান্ত যাবতীয় তথ্যাদি সংগ্রহ করা যাবে।

০৯। "পরিচালন ও রক্ষণাবেক্ষণ ষ্টোরের ব্যবহার অযোগ্য বর্ণিত মালামাল" সমূহ অপসারণের সময় সমিতির কোন অবকাঠামোর ক্ষতি করা যাবে না। ক্ষতি হলে তা নিজ খরচে মেরামত/প্রতিস্থাপন করে দিতে হবে।

১০। মালামালের নাম, একক দর, দরদাতার নাম ঠিকানা ইত্যাদি সু-স্পষ্টভাবে দরপত্রে উল্লেখ করতে হবে।

১১। নির্দিষ্ট সময়ের মধ্যে নিলামকৃত মোটর সাইকেল গ্রহণে ব্যর্থ হলে আর্নেষ্ট মানি সমিতির অনুকূলে বাজেয়াপ্ত করা হবে। বিক্রয়াদেশ ও বাতিল করা হবে। অকৃতকার্য নিলাম দরদাতাগণের আর্নেষ্ট মানি নিয়মানুযায়ী ফেরত প্রদান করা হবে। গাড়ী হস্তান্তরের তারিখ হতে ০৩ (তিন) মাসের মধ্যে গাড়ীর মালিকানা পরিবর্তন করতে হবে। নতুবা পরবর্তীতে গাড়ীর মালিকানা সংক্রান্ত কোন জটিলতা সৃষ্টি হলে "ঢাকা পবিস-১" তার দায় বহন করবে না।

১২। কোটেশনদাতার (প্রতিষ্ঠানের) যোগ্যতার প্রমানস্বরুপ **বৈধ ট্রেড লাইসেন্স, টিআইএন নাম্বার ভ্যাট নিবন্ধন এর সত্যায়িত অনুলিপি এবং কোন তফসিলি ব্যাংক হতে আর্থিক স্বচ্ছলতার সনদ** দরপত্রের সাথে দাখিল করতে হবে। দরদাতা (ব্যক্তির ক্ষেত্রে) **জাতীয় পরিচয়পত্র, পসপোর্ট সাইজের ছবি এবং ব্যাংক স্টেটমেন্ট/আর্থিক স্বচ্ছলতার সনদ** প্রদান করতে হবে (দাখিলকৃত ১০০% মূল্যের সমপরিমাণ অর্থ থাকতে হবে)।

১৩। নির্ধারিত সময়ের মধ্যে নিলামে বিক্রয়কৃত মালামাল সর্বোচ্চ নিলাম দরদাতা কর্তৃক গ্রহণ না করার কারণে মালামালের কোন ক্ষতি হলে ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১ কর্তৃপক্ষ এর দায় গ্রহণ করবে না।

১৪। ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১ কর্তৃপক্ষ কোনরুপ কারণ দর্শনো ছাড়াই যেকোন অথবা সকল নিলাম দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। শর্তবলীতে উল্লেখ নাই এমন কোন বিষয়ে নিস্পত্তির ক্ষেত্রে বাপবিবো/ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

এমতাবস্থায়, উপরে উল্লেখিত শর্তবলী প্রতিপালনে আগ্রহী ব্যক্তি/দরদাতা প্রতিষ্ঠানকে যথাসময়ে নিলাম দরপত্র দাখিল করার জন্য অনুরোধ করা হলো। উপরের শর্তাবলী ছাড়াও অন্যান্য শর্তাবলী বিস্তারিতভাবে সিডিউলে বর্ণিত থাকবে।

25.10.26

(মোঃ আক্তারুজ্জামান লস্কর)
সিনিয়র জেনারেল ম্যানেজার।

**বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) বিজ্ঞপ্তি টি বহুল প্রচারের উদ্দেশ্যে আপনার দপ্তরের নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ।**

০১। জেলা প্রশাসক, ঢাকা।
০২। পুলিশ সুপার, ঢাকা।
০৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ঢাকা।
০৪। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা জোন (উত্তর), বাপবিবোর্ড, সাভার, ঢাকা।
০৬। জেনারেল ম্যানেজার/সিনিয়র জেনারেল ম্যানেজার, ............................................... পবিস-১/২/৩/৪।
০৭। উপজেলা নির্বাহী অফিসার, সাভার/কালিয়াকৈর উপজেলা।
০৮। নির্বাহী প্রকৌশলী (এসওডি), ঢাকা উত্তর, বাপবিবোর্ড, সাভার, ঢাকা।
০৯। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ, ঢাকা।
১০। সকল ডিজিএম, ঢাকা পবিস-১।
১১। সকল এজিএম, ঢাকা পবিস-১।
১২। এজিএম (আইটি), ঢাকা পবিস-১ (ওয়েবসাইটে প্রকাশ নিশ্চিত করবেন)।
১৩। নোটিশ বোর্ড, ঢাকা পবিস-১।

25.10.26

(মোঃ আক্তারুজ্জামান লস্কর)
সিনিয়র জেনারেল ম্যানেজার।